বিজ্ঞপ্তি

বিষয়: বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী-২০২৬

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী-২০২৬ আগামী শনিবার ও রবিবার সকাল ৮:৩০টা থেকে বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে।

উক্ত অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে কবিতা আবৃত্তি, একক ও দলীয় সংগীত, একক ও দলীয় নৃত্য, অভিনয়, নাটকসহ বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পাশাপাশি অন্যান্য অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উৎসাহিত করতে সান্ত্বনা পুরস্কার প্রদান করা হবে। সকল প্রতিযোগিতার পুরস্কার দ্বিতীয় দিন বিতরণ করা হবে।

প্রথম দিন: শনিবার

সময়	অনুষ্ঠান
৮:৩০-৯:০০	: অতিথি, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের উপস্থিতি
৯:০০-৯:১৫	: পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ ও জাতীয় সংগীত
৯:১৫-৯:৩০	: শুভ উদ্বোধন ও স্বাগত বক্তব্য
৯:৩০-১১:০০	: কবিতা আবৃত্তি (প্রাথমিক ও মাধ্যমিক শাখা) ইউনিট-১
১১:০০-১২:০০	: কবিতা আবৃত্তি (প্রাথমিক ও মাধ্যমিক শাখা) ইউনিট-২
১২:০-০১:০০	: একক সংগীত (প্রাথমিক শাখা) ইউনিট-১
০১:০০-০২:০০	: মধ্যাহ্নভোজ ও নামাজের বিরতি
০২:০০-০৩:০০	: সংগীত পরিবেশনা (মাধ্যমিক শাখা) ইউনিট- ১,২
০৩:০০-০৩:৪০	: অভিনয় (প্রাথমিক শাখা) ইউনিট-১ + কাওয়ালি বিশেষ
০৩:০০-০৪:১০	: নামাজ ও চা বিরতি
০৪:১০-০৫:১০	: অভিনয় (মাধ্যমিক শাখা) ইউনিট-১
০৫:১০-০৫:৪০	: নামাজ বিরতি (মাগরিব)
০৫:৪০-৬:৫০	: সংগীত চিত্রায়ণ , নৃত্য (মাধ্যমিক শাখা) ইউনিট-২
৬:৫০-৭:০০	: প্রথম দিনের সমাপ্তি

দ্বিতীয় দিন: রবিবার

সময়	অনুষ্ঠান
৮:৩০-৯:০০	: উপস্থিতি ও অতিথি বরণ
৯:০০-৯:১৫	: পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ ও জাতীয় সংগীত
৯:১৫-৯:৩০	: শুভেচ্ছা বক্তব্য
৯:৩০-১০:৪৫	: একক নৃত্য (প্রাথমিক শাখা) ইউনিট-১
১০:৪৫-১১:৩০	: একক নৃত্য (প্রাথমিক শাখা) ইউনিট-২
১১:৩০-০১:০০	: দলীয় নৃত্য (প্রাথমিক শাখা) ইউনিট-১,২
০১:০০-২:০০	: মধ্যাহ্নভোজ ও নামাজের বিরতি
২:০০-০৩:৪০	: নৃত্য (মাধ্যমিক শাখা) ইউনিট-১
০৩:০০-০৪:১০	: নামাজ ও চা বিরতি
৪:১০-৫:১০	: অতিথিদের বক্তব্য
০৫:১০-৫:৩০	: বিশেষ সাংস্কৃতিক পরিবেশনা
৫:০০-৫:৩০	: নামাজ বিরতি (মাগরিব)
৫:৩০-৭:০০	: পুরস্কার বিতরণী অনুষ্ঠান, ধন্যবাদ জ্ঞাপন ও সমাপনী

বিশেষ নির্দেশনা

১. সকল প্রতিযোগীকে নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট আগে উপস্থিত থাকতে হবে।
২. প্রতিটি প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পাশাপাশি অন্যান্য অংশগ্রহণকারীদের সান্ত্বনা পুরস্কার প্রদান করা হবে।
৩. পুরস্কার গ্রহণের জন্য বিজয়ী ও অংশগ্রহণকারী শিক্ষার্থীদের দ্বিতীয় দিন উপস্থিত থাকতে হবে।
৪. সকল শিক্ষার্থীকে অভিভাবকসহ অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অতএব, অনুষ্ঠানটি সুষ্ঠু, সুন্দর ও আনন্দমুখরভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

বিনীত,

প্রধান শিক্ষক

চিটাগাং বন্দর আইডিয়াল স্কুল এন্ড কলেজ